# উপজেলা কৃষি ও সেচ কমিটির সভার
# কার্যবিবরণী সেপ্টেম্বর/২০২৫

সভাপতি: মোকলেদা খাতুন মীম
উপজেলা নির্বাহী অফিসার,
কাহারোল, দিনাজপুর।

তারিখ: ০৯/০৯/২০২৫ খ্রি:
রোজ: মঙ্গলবার
সময়: সকাল ১১ ঘটিকা।
স্থান: উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ

আলোচ্য সূচী: ০১। খরিফ-২/২০২৫-২৬ মৌসুমে মাঠে দন্ডায়মান রোপা আমন ধানের আবাদ পরিস্থিতি ও আন্তঃপরিচর্যা প্রসঙ্গে।
০২। আসন্ন রবি/২০২৫-২৬ মৌসুমে আলু, ভুট্টা, সরিষা, গম এবং শাকসবজিসহ অন্যান্য ফসলের আবাদে সার পরিস্থিতি স্বাভাবিক রাখা প্রসঙ্গে।
০৩। বিবিধ।

অদ্যকার সভায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি বিষয় ভিত্তিক আলোচনা করার জন্য উপজেলা কৃষি অফিসার, কাহারোল, দিনাজপুর মহোদয়কে অনুরোধ জানান। সভায় উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি ও সেচ কমিটি কাহারোল, দিনাজপুর জানান যে, খরিফ-২/২০২৫-২৬ মৌসুমে কাহারোল উপজেলায় রোপা আমন ধান আবাদের লক্ষ্যমাত্রা ছিল ১৫৩৪০ হেক্টর। অর্জন হয়েছে ১৫৩৪৯ হেক্টর। যা লক্ষ্যমাত্রা ছাড়িয়ে গেছে। বর্তমানে রোপা আমন ধানের স্তর টিলারিং ১০%, পিআই ৭৫%, বুটিং ১৪%, ফ্লাওয়ারিং ১%। এ সময় রোপা আমন ধানের বিএলবি, ব্লাস্ট এবং বাদামী গাছ ফড়িং বা কারেন্ট পোকার আক্রমণ দেখা দেয়। এ সকল রোগ ও পোকামাকড়ের আক্রমণ থেকে রোপা আমন ধানকে রক্ষা করতে না পারলে লক্ষ্যমাত্রা অনুযায়ী উৎপাদন সম্ভব হবে না। তাই রোগ ও পোকামাকড়ের আক্রমণ থেকে রোপা আমন ধানকে কীভাবে রক্ষা করা যায় সে বিষয়ে আলোচনা করা প্রয়োজন।

উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি ও সেচ কমিটি কাহারোল, দিনাজপুর মহোদয় আরও জানান যে, আসন্ন রবি/২০২৫-২৬ মৌসুমে বিভিন্ন ফসলের আবাদের লক্ষ্যমাত্রা আলু ৪০১০ হেক্টর, ভুট্টা ১১৬২২ হেক্টর, সরিষা ৯০০ হেক্টর, গম ৭৫ হেক্টর এবং শাকসবজি ৫৫৫ হেক্টর ইত্যাদি ফসলগুলো আবাদ এবং উৎপাদন বৃদ্ধির জন্য সার পরিস্থিতি স্বাভাবিক রাখার বিষয়ে আলোচনা করা প্রয়োজন।

সিদ্ধান্তঃ ১- রোপা আমন ধানের ব্লাস্ট, বিএলবি রোগ ও বাদামী গাছ ফড়িং বা কারেন্ট পোকা প্রতিরোধে উপজেলা কৃষি অফিস কাহারোল, দিনাজপুর পিপি স্কোয়াড গঠন করাসহ প্রতি ব্লকে উপসহকারী কৃষি কর্মকর্তাগণ নিয়মিত মাঠ পরিদর্শন করে কৃষকদের সাথে সাক্ষাৎ করে বিএলবি ও ব্লাস্ট রোগ এবং বাদামী গাছ ফড়িং এর আক্রমণ হতে ফসল রক্ষা করার কৌশলসহ লিফলেট বিতরণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্তঃ ২- আসন্ন রবি/২০২৫-২৬ মৌসুমে বিভিন্ন ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বিসিআইসি ও বিএডিসি ডিলারগণ প্রতি মাসের নামীয় বরাদ্দের ইউরিয়া ও নন ইউরিয়া সার মাসের প্রথম সপ্তাহে টাকা জমা, উত্তোলন, বিক্রয় ও বিতরণ করার জন্য উপজেলা কৃষি অফিস হতে জরুরি বার্তা চিঠি আকারে প্রদান করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার কার্য সমাপ্ত ঘোষণা করেন।

০৯/০৯/২৫

মোকলেদা খাতুন মীম
সভাপতি
উপজেলা কৃষি ও সেচ কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
কাহারোল, দিনাজপুর।

"কৃষিই সমৃদ্ধি"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
কাহারোল, দিনাজপুর।
uaodaekaharole@gmail.com

স্মারক নং-১২.১৮.২৭৫৬.০৪১.৯৯.০০০.২৫/ ১৫৪৬ তারিখ: ০৯/০৯/২০২৫ খ্রি:

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:**

০১। ......................................................................অফিসার, কাহারোল, দিনাজপুর।

০২। চেয়ারম্যান, ১ নং ডাবোর ইউরিয়ন, কাহারোল, দিনাজপুর।

০৩। চেয়ারম্যান, ২ নং রসুলপুর ইউনিয়ন, কাহারোল, দিনাজপুর।

০৪। চেয়ারম্যান, ৩ নং মুকুন্দপুর ইউনিয়ন, কাহারোল, দিনাজপুর।

০৫। চেয়ারম্যান, ৪ নং তারগাঁও ইউনিয়ন, কাহারোল, দিনাজপুর।

০৬। চেয়ারম্যান, ৫ নং সুন্দরপুর ইউনিয়ন, কাহারোল, দিনাজপুর।

০৭। চেয়ারম্যান, ৬ নং রামচন্দ্রপুর ইউনিয়ন, কাহারোল, দিনাজপুর।

০৮। অফিস কপি।

০৯/০৯/২৫

সদস্য সচিব
উপজেলা কৃষি ও সেচ কমিটি
ও
উপজেলা কৃষি অফিসার
কাহারোল, দিনাজপুর।

# উপজেলা কৃষি ও সেচ কমিটির সভায় উপস্থিতি

তারিখ: ০৯/০৯/২০২৫ খ্রি:

| ক্রমিক নং | উপস্থিত সদস্যবৃন্দের পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, কাহারোল, দিনাজপুর। | সভাপতি | |
| ০২ | সহকারী প্রকৌশলী, বরেন্দ্র উন্নয়ন কর্তৃপক্ষ, কাহারোল, দিনাজপুর। | সদস্য | |
| ০৩ | চেয়ারম্যান, ৪ নং তারগাঁও ইউনিয়ন পরিষদ, কাহারোল, দিনাজপুর। | সদস্য | |
| ০৪ | উপজেলা কৃষি অফিসার, কাহারোল, দিনাজপুর। | সদস্য সচিব | |